

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ওমরাহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.২০.৬৩

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭
২১ জুলাই ২০২০

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনি জনাব সফিকুল ইসলাম, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে দিশারী এয়ার সার্ভিস (হ: লা: ৭৩০) এর স্বত্বাধিকারি হিসেবে হজ পোর্টালে অন-লাইনে ০৬জন নিবন্ধিত ব্যক্তির নিবন্ধন বাতিলপূর্বক টাকা ফেরতের আবেদন করেছেন। আবেদনটি যাচাইয়ের জন্য হজযাত্রীদের সংগে যোগাযোগ করা হলে তাদের মধ্যে (১) জনাব মো: আবদুস সোবহান ও (২) মোছা: জান্নাতুল ফেরদৌস জানান তারা নিবন্ধন বাতিলের এবং টাকা ফেরত প্রদানের আবেদন করেননি। এতে প্রতীয়মান হয় আপনি অন-লাইন আবেদন দাখিলের সময় বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করেছেন; যা জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০২। আপনার মালিকানাধীন দিশারী এয়ার সার্ভিস (হ: লা: ৭৩০) হজ এজেন্সির লাইসেন্স কেন বাতিল করা হবে না তার জবাব আগামী ২৪ ঘন্টার মধ্যে ই-মেইলে (morahajsection@gmail.com) ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথা পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

২১.০৭.২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৮৪০২২

ইমেইল: morahajsection@gmail.com

জনাব সফিকুল ইসলাম
স্বত্বাধিকারী
দিশারী এয়ার সার্ভিস (হ: লা: ৭৩০)
হাসান ভবন (২য় তলা), ২৭/১১/৩-সি
তোপখানা রোড, ঢাকা-১০০০।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.২০.৬৩

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৭
২১ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৫) কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
- ৬) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (বর্ণিত এজেন্সির ইউজার আইডি এবং পাসওয়ার্ড বন্ধ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা (হজযাত্রীর নিবন্ধন বাতিল ও টাকা ফেরতের জন্য অন-লাইনে আবেদন করার সময় যেন সংশ্লিষ্ট এজেন্সি যেন আবশ্যিকভাবে সতর্কতা অবলম্বন করে সে বিষয়ে সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অনিয়ম পরিলক্ষিত হলে বা অভিযোগ পাওয়া গেলে তৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।)
- ৯) অফিস কপি

২১.০৭.২০২০

আবুল কাশেম মুহাম্মাদ শাহীন
সিনিয়র সহকারী সচিব